দৈনিক ইনকিলাব

১০৮

তারিখ 03 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম ৫

প্রেস নোট

# ৫শ' প্রশ্নের ব্যাংক থেকেই নৈর্ব্যক্তিক প্রশ্ন করা হবে

১৯৯৩ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক পরীক্ষায় বিভিন্ন বিষয়ের জন্য নির্ধারিত ৫শ' নৈর্ব্যক্তিক প্রশ্নের ব্যাংক থেকেই নৈর্ব্যক্তিক প্রশ্ন প্রণয়ন করা হবে বলে সরকার সিদ্ধান্ত নিয়েছেন। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেসনোটে বলা হয়, ঐ নৈর্ব্যক্তিক প্রশ্নের ব্যাংক বহির্ভূত কোন প্রশ্ন পরীক্ষায় স্থান পাবে না। খবর বাসস'র।

প্রেসনোটে বলা হয়, মাধ্যমিক পরীক্ষার নৈর্ব্যক্তিক প্রশ্ন সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের এক সার্কুলারের পর পরীক্ষার্থীদের মধ্যে সৃষ্ট ক্ষোভের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়। প্রেসনোটে আস্থা প্রকাশ করা হয় যে, সরকারের এই সিদ্ধান্তের ফলে পরীক্ষার্থীদের মধ্যে সৃষ্ট উদ্বেগ ও অসন্তোষ দূর হবে এবং তারা পড়াশোনায় মনোনিবেশ করবে।